DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 01:33 PM

বিনোদন

# ধারাবাহিক নাটকে ফিরছেন সুমাইয়া শিমু

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



একটা সময় নাটকের নিয়মিত অভিনেত্রী ছিলেন সুমাইয়া শিমু। একক কিংবা ধারাবাহিক দুই ধরনের নাটকেই তার জনপ্রিয়তা ছিল ঈর্ষণীয়। অভিনয়ে মুগ্ধতাও ছড়িয়েছেন বরাবরই। তবে ব্যক্তিগত কারণে অনেক দিন ধরে অভিনয়ে অনিয়মিত তিনি।

মাঝে নুহাশ হুমায়ূনের ২ষ সিরিজের বেসুরা পর্ব দিয়ে অভিনয়ে ফিরেছেন শিমু। তখনই জানিয়েছিলেন, পছন্দসই কাজ পেলে নিশ্চয়ই অভিনয় করবেন তিনি।

এবার ধারাবাহিক নাটকে ফিরছেন শিমু। তাও আবার মুহাম্মদ মোস্তফা কামাল রাজের নির্মাণে। ফিরে আসার গল্প নামের নতুন এই ধারাবাহিকে রুকাইয়া চরিত্রে অভিনয় করবেন শিমু।

বৃহস্পতিবার ফিরে আসার গল্প-তে সুমাইয়া শিমুর লুক প্রকাশ করে প্রযোজনা প্রতিষ্ঠান সিনেমাওয়ালা এন্টারটেইনমেন্ট। যদিও এখনই এই নাটক কিংবা নিজের চরিত্রটি নিয়ে কথা বলতে নারাজ অভিনেত্রী। নির্মাতা রাজও রয়েছেন চুপ।

সাম্প্রতিক সময়ে রাজের নির্মাণে এটা আমাদেরই গল্প ধারাবাহিকটি বিপুল জনপ্রিয়তা পেয়েছিল। সেটারই ধারাবাহিকতায় এবার ফিরে আসার গল্প বানাচ্ছেন তিনি। এখন চলছে শুটিংয়ের প্রস্তুতি। শুটিং শুরু হবে আগামী মাসে। এতে শিমুর আর কারা অভিনয় করবেন, তাদের সঙ্গে এক এক করে পরিচয় করিয়ে দেবেন নির্মাতা।

উল্লেখ্য, সুমাইয়া শিমুর ক্যারিয়ারে বেশ কিছু দর্শকনন্দিত ধারাবাহিক নাটক রয়েছে। যেমন হাউজফুল, এফএনএফ, ললিতা, বিহাইন্ড দ্য সিন, ফাঁদ ও বগার গল্প ইত্যাদি।

---

## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**

অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



**সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা**

বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...



**নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা**

ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির  মেস্ত্রে শহরে...



**হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল**
ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/dharabahik-natke-firchhen-sumaiya-shimu